গঙ্গাসাগরে পুণ্যস্নানের আর বাকি পাঁচদিন

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : গঙ্গাসাগরে মকর সংক্রান্তির পুণ্যস্নানের বাকী মাত্র ৫দিন। ইতিমধ্যেই প্রায় এক লক্ষ পুণ্যার্থী সাগরে স্নান করেছেন। জলপথ পরিবহণ সূত্রে এখবর জানা যাচ্ছে। তাছাড়া গঙ্গাসাগর নিয়ে চাক্ষুষ প্রমাণ পাওয়া গেল। জেলা প্রশাসনের তরফ থেকে জানানো হয়েছে এবছর একটু আগে থেকে পর্যটকরা-পুণ্যার্থীরা আসতে শুরু করেছেন। সমুদ্রতটে আলোর ব্যবস্থাসহ সবকিছুই প্রস্তুত।

সেনাবাহিনীও সর্বত্র নজরদারি শুরু করেছে। মূল মেলা যে দফতরের দায়িত্বে, জনস্বাস্থ্য কারিগরী দফতরের মাননীয় মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায় গত ৭ জানুয়ারি ২০১৮ সালের গঙ্গাসাগর মেলার উদ্বোধনও সেরে ফেলেছেন।

সামান্য কিছু কাজ বাকী আছে, তা ২/১ দিনের মধ্যে শেষ হয়ে যাবে।

রমেশ সিংশর্মা রাজস্থান থেকে এসেছেন, দু'শত জনের দল। এগার বছর ধরে আসছেন। তিনি বলেন সুন্দর ব্যবস্থা। যোগাযোগ ব্যবস্থাও ভাল মকর সংক্রান্তির ভিড় এড়াতে আগেভাগে চলে এসেছেন।

সুরজ মিশ্র দিল্লি থেকে একশ জনের দল নিয়ে এসেছেন। মুড়িগঙ্গায় ভেসেল পেরাতে এক-দু ঘণ্টা দেরী এবং প্রচুর ভিড় ছাড়া আর সব ব্যবস্থা ভাল। যাই হোক, সব কিছু ঠিক থাকলেও মুড়িগঙ্গার পলির কতটা সুরাহা হবে সেটাই দেখার।

পরিকাঠামোর সংস্কারের ওপরে বেশি জোর দিয়েছে রাজ্য সরকার: সুব্রত

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : গঙ্গাসাগর মেলার যাওয়ার পথে রুদ্রনগরে রুদ্রনগর গ্রাম পঞ্চায়েতের নতুন ভবনের শিলান্যাস করলেন পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দফতরের মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায়। উপস্থিত ছিলেন সুন্দরবন উন্নয়ন মন্ত্রী মন্টুরাম পাখিরা, সংখ্যালঘু দফতরের মন্ত্রী গিয়াসুদ্দিন মোল্লা, জেলাসভাধিপতি শামিমা শেখ, গ্রামোন্নয়ন দফতরের অতিরিক্ত মুখ্য সচিব সৌরভ দাস এবং সাগরের বিধায়ক বঙ্কিম চন্দ্র হাজরা সহ অন্যান্য সরকারি আধিকারিকগণ। উদ্বোধন অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে অতিরিক্ত মুখ্যসচিব কিছুটা নস্টালজিক হয়ে পড়েন। সৌরভ দাস যখন ডায়মন্ডহারবারের মহকুমা শাসক ছিলেন অর্থাৎ ১৯৮৭ সালে বর্তমান পঞ্চায়েত অফিসের জন্য অর্থ বরাদ্দ করেছিলেন। পঞ্চায়েত দফতরের সর্বোচ্চ পদের দায়িত্ব পেয়ে নতুন ভবনের জন্যও অর্থ বরাদ্দ করলেন। উদ্বোধন করে মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায় বলেন, বিগত বাম আমলে পঞ্চায়েত অফিস গুলির কোনও উন্নতিই হয়নি। মমতা বন্দ্যোপাধ্যায় পশ্চিম বাংলার দায়িত্ব পাওয়ার পর তাঁর প্রথম লক্ষ্য ছিল পঞ্চায়েত অফিসগুলির পরিকাঠামোর সংস্কার করা। ভাল অফিস না হলে ভাল পরিবেশ তৈরি হয় না। সাধারণ মানুষের সঙ্গে যোগাযোগের মাধ্যম পঞ্চায়েত অফিস। তাছাড়া এখন পঞ্চায়েত দফতরগুলির আধুনিকীকরণেরও প্রয়োজন। তিনি উপস্থিত জনগণের উদ্দেশ্যে বলেন, বর্তমান সরকার মানুষের জন্য পঞ্চায়েতের মাধ্যমে প্রচুর উন্নয়নমূলক কাজ করে চলেছে। সামনে পঞ্চায়েত নির্বাচন। মমতা বন্দ্যোপাধ্যায় যেমন আপনাদের কথা ভাবেন, আপনারাও নির্বাচনে মমতার হাত আরও শক্তিশালী করবেন এই প্রত্যাশা রাখি। একশ দিনের কাজ, কৃষিতে দেশের মধ্যে বাংলা আজ এক নম্বরে। পঞ্চায়েত ব্যবস্থা সারা দেশের শুধু না, আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলা আজ মডেল। বাংলার কন্যাশ্রী প্রকল্প বিশ্বসেরা। সবক্ষেত্রে আমরা আপনাদের সহযোগিতা পেয়েছি। তাই আগামীদিনে বাংলার আরও উন্নয়নে আপনারা আমাদের পাশে থাকবেন এই আশা রাখি। নতুন ভবনের আনুমানিক ব্যয় প্রায় চুয়াল্লিশ লক্ষ টাকা।

উদয়নারায়ণপুরে সাজদার কর্মী বৈঠক

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়া জেলার উদয়নারায়ণপুর কেন্দ্র তৃণমূল কংগ্রেসের আয়োজনে উদয়নারায়ণপুর থানার নিকট ফুড সেন্টার জলট্যাঙ্ক মাঠে, উলুবেড়িয়া লোকসভার উপনির্বাচনে তৃণমূল কংগ্রেসের প্রার্থী সাজদা আহমেদের এক কর্মী বৈঠক জনসভার চেহারা ধারণ করে। উপস্থিত ছিলেন উদয়নারায়ণপুর বিধানসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেসের সভাপতি ও এলাকার বিধায়ক সমীর পাঁজা, হাওড়া জেলা পরিষদের স্বাস্থ্য কর্মাধ্যক্ষ সীতানাথ ঘোষ ও এলাকার বিভিন্ন ধরনের জনপ্রতিনিধি ও তৃণমূল কংগ্রেসের নেতারা উপস্থিত ছিলেন তৃণমূল কংগ্রেসের প্রার্থী সাজদা আহমেদ। সভায় বক্তব্য রাখতে গিয়ে অধিকাংশ বক্তাই কেন্দ্রীয় সরকারের কঠোর সমালোচনা করেন ও রাজ্যের মা-মাটি-মানুষের সরকারের কর্মযোগের তথ্য-পরিসংখ্যান তুলে ধরেন। এছাড়াও তাঁরা প্রয়াত সাংসদ হাজি জনাব সুলতান আহমেদের বিগত দুইবারের কাজের খতিয়ান তুলে ধরেন। বিধায়ক পাঁজা বলেছেন, আমাদের দেশে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় এগিয়ে চলেছেন বীর মুক্তিযোদ্ধা আমাদের রাজ্যের জননেত্রী ও মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর সৈনিক হিসেবে আমি ও আমরা আপনাদের আশীর্বাদ মাথায় নিয়ে এগিয়ে চলেছি।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

	1				6	9	8	
7		9					3	
				8				
			2	4				
	7	3				2	5	
				3	9			
				1				
	6					8		5
	9	2	8				4	

গতকালের সমাধান

6	1	9	5	4	8	7	2	3
5	8	2	3	7	1	9	6	4
3	4	7	2	9	6	1	8	5
8	6	1	9	5	2	4	3	7
7	3	5	1	6	4	8	9	2
2	9	4	8	3	7	6	5	1
9	2	8	4	1	3	5	7	6
1	7	3	6	8	5	2	4	9
4	5	6	7	2	9	3	1	8

আবহাওয়া

পূর্বাভাস: বুধবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ২৩ ডিগ্রি ও ৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** মঙ্গলবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ২২ ডিগ্রি ও ৯ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৫৩ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৬।১৮, **সূর্যাস্ত:** ঘ ৫।০৯ **জোয়ার:** সকাল : ৭।৫২। **ভাটা:** দুপুর : ৩।০২।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায়না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	:	63.4690
INR / 1 Euro	:	75.9153
INR / 100 Jap. YEN	:	56.3300
INR / 1 Pound Sterling	:	86.1528

শেয়ারসূচক

BSE 34,443.19 ▲ (+90.40)
NIFTY 10,657.00▲ (+13.40)

ভাগ্যলিপি

মেষ নতুন সহযোগিতা পেয়ে খুশী হবেন আপনি। বড়সড় সাফল্য পেতে পারেন।

বৃষ ভুল সিদ্ধান্ত গ্রহন করতে পারেন আজ।

মিথুন একটা গুরুত্ব পূর্ণ দিন আজ। পরিবারের সদস্যদের দিকে যত্ন নিন।

কর্কট নতুন সম্পর্ক তৈরি হতে পারে আজ, এফলে পরিবারের সাহায্যে পাবেন।

সিংহ সমস্যায় পড়তে পারেন আজ, কাজেই বুঝেসুজে সিদ্ধান্ত গ্রহণ করুন। সন্ধ্যার পরে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন।

কন্যা ব্যবসায়ে সাফল্য আসবে আজ। এগিয়ে চলার চেষ্টা করুন। নিজের দক্ষতা কাজে লাগান।

তুলা আপনার উদ্দেশ্য আজ সফল হবে। নতুন পথের দিশা পেতে পারেন। ব্যবসায়ে সাফল্য পাবেন।

বৃশ্চিক একটা চেষ্টার দিন আজ। বাস্তবকে সফল করার জন্য আজ সবরকম চেষ্টা করতে হবে।

ধনু দীর্ঘমেয়াদী লক্ষ্যে আজ সফল হবেন। মোটের ওপর লাভবান সম্ভাবনা আছে।

মকর আপনার কাজের ক্ষতিয়ানে আজ আপনার উর্দ্ধতন কতৃপক্ষ সফল হবে।

কুম্ভ ব্যাবসায়ে সাফল্য লাভের সম্ভাবনা রয়েছে।

মীন আপনার প্রতিযোগিদের হারিয়ে এগিয়ে যাওয়ার চেষ্টা করুন সফল হবেন।

হাওড়া বইমেলায় কৃতীদের সংবর্ধনা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : শুরু হল ২৯তম হাওড়া জেলা বইমেলা। হাওড়া জেলার স্থানীয় গ্রন্থাগারের আয়োজনে হাওড়া শরৎ সদন প্রাঙ্গণে অনুষ্ঠিত হচ্ছে এই মেলা। প্রদীপ জ্বালিয়ে উদ্বোধন করেন মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায়। এছাড়াও এদিন উপস্থিত ছিলেন মন্ত্রী সিদ্দীকুল্লাহ চৌধুরী, অরূপ রায়, রাজীব বন্দ্যোপাধ্যায়। ছিলেন বিধায়ক হায়দার আজিজ সফি প্রমুখ। এদিন বইমেলার পক্ষ থেকে সংবর্ধনা জানান হয় হাওড়ার ফণিন্দ্রনাথ কিভারগার্টেন স্কুলের প্রাক্তন প্রধান শিক্ষক ইন্দ্রনাথ মুখোপাধ্যায়, শাস্ত্রীয় সঙ্গীত শিল্পী রঞ্জন মুখোপাধ্যায় এবং ক্রিড়াবিদ অশোক কর প্রমুখকে। বইমেলায় মোট ৫৫টি বইয়ের স্টল ছাড়াও আরও বেশ কিছু স্টল দেওয়া হয়েছে। মঙ্গলবারও হাওড়া বই মেলায় মানুষের ঢল নেমেছিল।

উলুবেড়িয়ায় বামপ্রার্থী সাবিরের মিছিলে জনতার ঢল

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়া জেলার উলুবেড়িয়া লোকসভার উপনির্বাচনে বামফ্রন্ট মনোনীত সিপিআইএম প্রার্থী সাবিরউদ্দিন মোল্লার সমর্থনে মিছিল ও পথসভায় জনতার ঢল নামছে। উলুবেড়িয়ার বিভিন্ন স্থানে প্রার্থীর সমর্থনে পথসভা, মিছিল বের হয়। পথসভায় বক্তব্য রাখছেন জেলা, এরিয়া ইউনিটের বামফ্রন্টের নেতৃত্ব। প্রার্থী সাবিরউদ্দিন মোল্লা উলুবেড়িয়া পুরসভার বামফ্রন্টের বিরোধী দলনেতা, ভূমিপুত্র। এলাকার মানুষদের জন্য সামাজিক বিকাশের ক্ষেত্রের গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছেন তিনি।

সাবির নির্বাচনে প্রার্থী হওয়ায় জনমনে স্বস্তি। গণ আন্দোলন চালিয়ে যাওয়ার ফলে এলাকাবাসীর মধ্যে সচেতনতা প্রসারে সহায়তা প্রদান করেন তিনি।

সভায় বক্তব্য রাখছেন শেখ কুতুবুউদ্দিন আহমেদ, অপর্ণা পুরকাইত, গৌতম পুরকাইত, রবীন্দ্রনাথ মিত্র, সন্তোষ অধিকারী, মিলন মেউর, বিমল সেনগুপ্ত, রাধানাথ চট্টোপাধ্যায়, তপন চন্দ্র প্রমুখ নেতৃবৃন্দ। অধিকাংশে নেতৃত্ব কেন্দ্রীয় সরকারের জনবিরোধী নীতির বিরুদ্ধে তথ্য-পরিসংখ্যান তুলে ধরে পথ সভায় বক্তব্য রাখছেন।

অপরদিকে বামফ্রন্টের নেতৃত্ব রাজ্য সরকারের কঠোর সমালোচনা করছেন ও বামপন্থী রাজনৈতিক দলের আন্দোলন অব্যাহত রাখতে উলুবেড়িয়া লোকসভার উপনির্বাচনে প্রার্থী সাবিরউদ্দিন আহমেদ কে জয়ী করতে আহ্বান জানিয়ে সমর্থন আদায়ের জন্য মিছিল ও পথসভা সংগঠিত করছেন।

শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপে কাটল হাওড়ার বিনোদিনী বালিকা বিদ্যাভবনের অচলাবস্থা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : রবিবার শিক্ষামন্ত্রীর স্কুল খোলা রাখার আদেশকে কার্যত বুড়ো আঙুল দেখিয়ে সোমবারও হাওড়ার বিনোদিনী বালিকা বিদ্যাভবনে ছিল অবলাবস্থা। প্রধান শিক্ষিকা শিক্ষামন্ত্রীর সঙ্গে বৈঠক করতে গেলেও স্কুলের অন্য শিক্ষিকারা ছাত্রীদের মঙ্গলবারের আগে কিছুই জানাতে পারবেন না বলে জানিয়েই দায় সারেন। সোমাবার স্কুলে ডেকে পাঠিয়ে প্রায় কুড়িজন ছাত্রীর হাতে জোর করে ট্রান্সফার সার্টিফিকেট দেওয়ার অভিযোগ তুলেছিল অভিভাবক এবং ছাত্রীরা। অবশেষে সেই জট খুলল।

মঙ্গলবার সকালে যথারীতি স্কুলে আসে ছাত্রীরা। যদিও কোনও ক্লাসই হয়নি। রবিবার এই স্কুল প্রসঙ্গে শিক্ষা মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় জানান কোনও অবস্থায়ই স্কুল বন্ধ করা যাবে না। তিনি সোমবার থেকেই স্কুল চালু রাখতে বলেন। প্রয়োজনে সব পক্ষের সঙ্গেই আলোচনা করে বিষয়টি সমাধান করার কথাও বলেন তিনি। গত শুক্রবার থেকেই হাওড়ার জয়নারায়ণ সাঁতরা লেনের বিনোদিনী স্কুলে ছিল অচলাবস্থা। স্কুলটিতে অবৈধভাবে হিন্দি মাধ্যমে শিক্ষাদানের অভিযোগ। কোনও বৈধতা ছাড়াই গত প্রায় পাঁচ বছর ধরেই চলছিল এই পাঠদান। গতবছরের জুলাই মাসে পরিচালন সমিতি ভেঙে দিয়ে অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করা হয়। তারপরই সামনে আসে বিষয়টি। অ্যাডমিনিস্ট্রেটর বিষয়টি জানতে পেরেই অ্যাফিলিয়েশন ছাড়া হিন্দি মাধ্যমটি বন্ধ করে দিতে বলেন। সেই সময়ে স্কুলটির প্রধান শিক্ষিকা বন্ধ করার জন্য সময় চান। কারণ হিসেবে তিনি ছাত্রীদের ভবিষ্যতের কথা বলে জানান, জুলাই মাসে কোন স্কুল নতুন কোনও ছাত্রীকে ভর্তি নেবে না, বরং বছরের শুরুতে ছাত্রীদের ভরতি করা সহজ হবে। এরপর নতুন বছরের শুরুতে বার্ষিক পরীক্ষার ফল প্রকাশের দিনে ছাত্রীদের হাতে মার্কশীট দেওয়া হয়নি। পরে জানুয়ারি মাসের ৪ তারিখে স্কুল খোলার দিনে স্কুল না খুলে বন্ধ করে দেওয়ার নোটিস দেওয়া হয়। এরপর থেকেই চলছে ছাত্রী বিক্ষোভ। এমনকী প্রধান শিক্ষিকাকে ঘিরেও বিক্ষোভ দেখান ছাত্রী ও অভিভাবকরা। এদিন সকালেও স্কুলের সামনে জড়ো হয় প্রায় শ'দুয়েক ছাত্রী। স্কুলে কোনও পড়াশুনা হয় না বলে অভিযোগ করে এই ছাত্রী কোমল সিং। অন্য দিকে আর এক ছাত্রী নেহা রায়ের অভিযোগ সবাইকে জোর করে ট্রান্সফার সার্টিফিকেট দেওয়া হচ্ছে। অভিভাবক সঞ্জীব মেহতা বলেন মন্ত্রী বলার পরেও স্কুল খোলা হয়নি। এখনও জোর করে ট্রান্সফার সার্টিফিকেট দেওয়া হচ্ছে। আমরা চাইছি স্কুলটা খুলুক।

এদিন সকালেই সব পক্ষকে বিকাশ ভবনে ডেকে পাঠান শিক্ষা মন্ত্রী। হাওড়ার স্কুল পরিদর্শক, বিনোদিনী বালিকা বিদ্যাভবনের জন্যে নিযুক্ত অ্যাডমিনিস্ট্রেটর, স্কুলটির প্রধান শিক্ষিকা সকলকে নিয়ে বৈঠকে বসেন পার্থ চট্টোপাধ্যায়। সোমবার বৈঠকের পরে শিক্ষামন্ত্রী জানান মঙ্গলবার থেকেই স্কুলটি চালু করার পাশাপাশি বাংলা মাধ্যম ও হিন্দি মাধ্যম দুটি মাধ্যমেই চালু থাকবে। পরে ধীরে ধীরে হিন্দি মাধ্যমে পড়ানোর জন্যে শিক্ষক-শিক্ষিকা দেওয়া হবে বলেও জানান তিনি। পাশাপাশি যে সমস্ত ছাত্রীকে ট্রান্সফার সার্টিফিকেট দেওয়া হয়েছে তারাও ফিরে আসতে পারবে যদি তাদের ইচ্ছে হয় এমন কথাও জানান শিক্ষামন্ত্রী। অবশেষে অচল অবস্থা কাটল হাওড়ার বিনোদিনী বালিকা বিদ্যাভবন স্কুলের। স্কুলের হিন্দি মাধ্যমের শিক্ষক-শিক্ষিকা না থাকায় ও এন.জি.ও থেকে সাহায্য নিয়ে কোনও রকমে চলছিল এই স্কুলটি। তাই বাধ্য হয়ে গত ৫ জানুয়ারি থেকে বন্ধ করে দেওয়া হয় স্কুল। ভবিষ্যত অন্ধকারে চলে যায় প্রায় ৩০০ জন ছাত্রীর। অবশেষে শিক্ষামন্ত্রীর উদ্যোগে জট কাটল ওই স্কুলের। সেই খবর পেয়ে মঙ্গলবার সকলে স্কুলের সামনে ভিড় করে ছাত্রীরা। উচ্ছ্বাসে আনন্দে নাচতে শুরু করে, একে অপরকে মিষ্টি মুখও করায় তারা।

NAME CHANGE

I, Kailash Bhati, S/o Madan Singh, R/o 10 No. Tara Chand Dutta Street, 2nd Floor, Kolkata 700073, West Bengal. Kailash Bhati and Kailash Singh Bhati is Same & one Person vide an affidavit before notary at Kolkata on 06/01/2018.

CHANGE OF ADDRESS

I, JOYDEEP MUKHERJEE, S/O. LATE DEBI PRASAD MUKHERJEE, RESIDENT OF POST OFFICE PARA, P.S.-KULTI, PIN-713343, DIST. PASHCHIM BARDHAMAN. DECLARE THAT I AM THE PROPRIETOR OF S.D. TELEVISION NETWORK IT'S REGISTERED ADDRESS AT 1(83/1) SARADAPALLY, COURT MORE, ASANSOL, NOW ITS NEW OFFICEAT 146(47/A), KOHINOOR VILLA, RABINDRA SARANI, COURT MORE, HOLDING NO. 539, BURNIPUR ROAD, ASSANSOL-713304. AS PER AFFIDAVIT EXECUTIVE MAGISTRATE AT ASANSOL ON 28 JULY, 2017.

শব্দলিপি- ১০৮০

অজিত মুখার্জী

পাশাপাশি ঃ ১। বিভিন্ন রকম সাবান ঃ। মোলক ৫। কর্নিস ও পরি ৭। বসন্তকালে শ্রীকৃষ্ণ ৮। ওস্তাদ কারিগর ১০। সাজনভজন ১২। সরকার ১৩। তরল হয়ে স্রোতের মতো ক্ষরিত হচ্ছে এমন

উপরনীচ ঃ ১। অনাকৃষ্টিতে আক্রান্ত ২। রাধা ৩। পয়গম্বর ৪। মাহাত্ম্য ৬। বিবিধপ্রকারদান ৯। তফাত ১০। মেঘ ১১। ফুলের রেণু

সমাধান ঃ শব্দলিপি - ১০৭৯

পাশাপাশি ঃ ১। নামজাদা ঃ। মনোজ ৬। নজরানু ৭। দাদাশ্বশুর ৯। রবিবাসর ১১। ঘরবাড় ১৩। নাজর ১৪। নীরবর

উপরনীচ ঃ ২। মন্ত্রিত ৩। দাসানুদাস ঃ। মহাবিশ্ব ৫। জন্মান্তরবাদ ৬। নগরপরধন ৮। দারবর্জন ১০। বাহানুর ১২। বাস্তব